

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

যুবদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে যুবদের উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণদান, প্রশিক্ষণগোষ্ঠার খণ্ড সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্তে গত ০৩ (তিন) বছরে লাখাই উপজেলায় ১৩৭০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৬৭.১০ (লক্ষ টাকা) প্রশিক্ষণগোষ্ঠার খণ্ড বিতরণের মাধ্যমে ১৭৬ জন যুব ও যুব মহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ যুব জনসংখ্যা ক্রমবর্ধমান : ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিকে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলার জন্য আন্তর্জাতিক গ্রাম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান, এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে রপ্তানি করা একটি চ্যালেঞ্জ।

ভবিষ্যত পরিকল্পনা: দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা যাবে। সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-লার্নিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

২০২৩-২০২৪ অর্থবছরের সন্ধ্যা প্রধান অর্জনসমূহ:

- দেশ বিদেশে কর্মস্থানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ৪২০ জন যুবক ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ৬০ জনকে ১৬.৩০ (লক্ষ টাকা) খণ্ড বিতরণের মাধ্যমে সাবলম্বী করা।
- আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণপূর্বক আত্মকর্মী সৃষ্টি।
- সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে ০১ অনুষ্ঠান আয়োজন ও সচেতনতা সৃষ্টি।
- ১টি যুব সংগঠন নিবন্ধন।